



বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)

শিল্প মন্ত্রণালয়
৯১, মতিঝিল বা/এ,
ঢাকা-১০০০।



নং-৩৬.০৯.০০০০.০০১.১১.০৩০.১৮(পাট-২)/ ১২৬

তারিখ: ২৪/০৩/২০২২ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড কর্তৃক নিম্নবর্ণিত শূন্য পদসমূহ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য প্রকৃত স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন স্কেল, শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মন্তব্য
১।	সহকারী পরিচালক/ এ্যাক্রেডিটেশন অফিসার (৯ম গ্রেড; বেতন স্কেল ২২,০০০/- ৫৩,০৬০/-) সংখ্যা: ০২টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়ন, ফলিত রসায়ন, প্রাণ রসায়ন, মাইক্রোবায়োলজী, এগ্রি কেমিস্ট্রি, ফার্মেসী, প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা, মৃত্তিকা বিজ্ঞান, পদার্থ বিজ্ঞান, ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স বা গণিত বিষয়ে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী বা দ্বিতীয় শ্রেণীর সম্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা সিভিল, মেকানিক্যাল, ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক্স, কেমিক্যাল বা মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী। (খ) প্রার্থীকে কম্পিউটার পরিচালনায় দক্ষতা থাকাসহ আইএসও ৯০০০, আইএসও ১৪০০০, আইএসও ২২০০০, আইএসও/আইইসি ১৭০২৫ আইএসও/আইইসি গাইড ৬৫ এবং এ্যাক্রেডিটেশন সম্পর্কে সম্যক জ্ঞান থাকতে হবে। (গ) শিক্ষা জীবনের কোন পরীক্ষাতে তৃতীয় শ্রেণী বা বিভাগ থাকতে পারবে না।	সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২।	হিসাবরক্ষক (১৩ গ্রেড; বেতন স্কেল ১১,০০০/- ২৬,৫৯০/) সংখ্যা: ০১টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য, ব্যবসায় প্রশাসন, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পরিসংখ্যান, অর্থনীতি বিষয়ে অন্যান্য দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী; (খ) ডাটা এন্ট্রি, নথি পত্র সংরক্ষণসহ হিসাব রক্ষণ কাজে অন্যান্য ৩ (তিন) বছরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।	
৩।	অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর (১৬ গ্রেড; বেতন স্কেল ৯,৩০০/- ২২,৪৯০/) সংখ্যা: ০২টি	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে।	কুষ্টিয়া, পিরোজপুর ও বরিশাল জেলা ব্যতীত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন।

আবেদনের জন্য অনুসরণীয় শর্তাদিঃ

- আবেদনকারীর বয়স ২৮ এপ্রিল ২০২২ তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা ১৮ থেকে ৩০ বছর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- কেবলমাত্র উপযুক্ত এবং ক্রটিমুক্ত আবেদনকারীদেরকে লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।
- পরীক্ষা, ব্যবহারিক/সাক্ষাৎকারে অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুয়া বা ভুল প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের ০১ (এক) কপি সত্যায়িত ছায়ািলিপি দাখিল করতে হবে।

৫. সর্বশেষ সরকারি আদেশ মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
৬. জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি করপোরেশন প্রদত্ত সনদ দাখিল করতে হবে।
৭. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্বলনজনিত অভিযোগে দণ্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের মেয়াদ দুই বছর অতিক্রান্ত না হয়ে থাকে তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
৮. কোন ধরনের তদবির কিংবা সুপারিশ, প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য করা হবে।
৯. নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক এবং/অথবা ব্যবহারিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে।
১০. বিএবির ওয়েবসাইট (www.bab.gov.bd)-এ বিজ্ঞপ্তি দেখা যাবে।
১১. নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১২. কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।
১৩. **অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি <http://bab.teletalk.com.bd> এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. **Online-**এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরু তারিখ ও সময়: ৩০/০৩/২০২২ খ্রি., সকাল- ১০:০০ টা।

ii. **Online-**এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৮/০৪/২০২২ খ্রি. , বিকাল- ০৩:৩০ টা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ **Online-**এ আবেদনপত্র **Submit-**এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. **Online** আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. **Online** আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু **Online-**এ আবেদনপত্র **Submit** করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী **Online-**এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. **SMS** প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: **Online-**এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১নং ক্রমিকের বিপরীতে ৫০০/- (পাঁচশত) টাকা এবং ২নং ও ৩নং ক্রমিকের বিপরীতে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, “ **Online-**এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে **Submit** করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত **Online** আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না”।

প্রথম SMS: BAB<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BAB ABCDEF

Reply: Applicant's Name, Tk- (application fee) will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BAB<Space>Yes<Space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BAB<space>Yes<space>PIN লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

Example: BAB YES 12345678

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for BAB Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://bab.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online** আবেদনপত্রে প্রার্থীর পাদন্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. **SMS-**এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক এবং/অথবা ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করতে হবে;

জ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ঝ. **User ID** জানা থাকলে **BAB<space>Help<space>User<space>User ID & Send** to 16222.

Example: BAB Help User ABCDEF & send to 16222

ii. **PIN Number** জানা থাকলে: **BAB<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.**

Example: **BAB Help PIN 12345678 & send to 16222**


এঃ অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা **vas.query@teletalk.com.bd** ই-মেইলে যোগাযোগ করা যাবে। (**Mail** এর **subject-এ Organization Name: BAB, Post Name: ***, Applicant's User ID ও Contact Number** অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. ডিক্লারেশন :

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির অশ্রেয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

পূর্বের আবেদনকারীদের জন্যঃ

বিএবি স্মারক নং: ৩৬.০৯.০০০০.০০১.১১.০৩০.১৮/২৯, তারিখঃ ২৩/০১/২০১৯ খ্রি. প্রকাশিত বিজ্ঞপ্তির আলোকে যারা ইতোপূর্বে আবেদন করেছেন তাদের নতুন করে আবেদনের প্রয়োজন নেই। তারা “চ- ঝ” পর্যন্ত বর্ণিত নির্দেশনা <http://bab.teletalk.com.bd> ওয়েবসাইটের নির্ধারিত মেন্যু হতে পূর্বোক্ত User ID এবং Password প্রদানপূর্বক প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।



মোঃ মনোয়ারুল ইসলাম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)